দৈনিক বাংলা

তারিখ 07 MAR 1996
পৃষ্ঠা ৭ কলাম ৭

5

ভারত সরকারের বৃত্তি ঃ ৮ মার্চ সাক্ষাৎকার

বাংলাদেশ-ভারত সাংস্কৃতিক কার্যক্রমের আওতায় ভারত সরকার কর্তৃক ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে সংস্কৃতি ক্ষেত্রে অধ্যয়নের নিমিত্তে প্রদত্ত বৃত্তির জন্য আবেদনকারীদের সকল বিষয়ের সাক্ষাৎকার আগামী ৮ মার্চ শুক্রবার, সকাল ৯টায় ঢাকার শাহবাগস্থ বাংলাদেশ জাতীয় যাদুঘরের শিশু মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ইতিপূর্বে এ সাক্ষাৎকারের সময়সূচী ৫ ১০ মার্চ অনুষ্ঠিত হবার কথা ছিল। পরবর্তী তথ্য বিবরণীর।

এ বছর যন্ত্র সংগীত, কণ্ঠ সংগীত, নৃত্য, নাট্যকলা বিভাগে স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি এবং চারুকলা বিভাগে স্নাতকোত্তর ও পিএইচডি পর্যায়ে বৃত্তির জন্য সাক্ষাৎকার গ্রহণ করা হবে। প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগসহ গড়ে ন্যূনতম শতকরা ৫০ নম্বর থাকতে হবে। তবে স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রী লাভে ইচ্ছুক প্রার্থীদের শিক্ষা জীবনে অন্তত একটি প্রথম বিভাগ থাকতে হবে। প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর হতে হবে এবং কোন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবেন না।

উল্লেখিত শর্ত পূরণকারী প্রার্থিগণকে সাদা তোলা দু'কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে সম্পূর্ণ জীবন বৃত্তান্ত এবং ইতিপূর্বে জাতীয় বৃত্তি ভোগ করেছেন কিনা বা বৃত্তির জন্য মনোনীত হয়েছেন কিনা এবং হয়ে থাকলে সন, তারিখ ও বিষয়ের উল্লেখ থাকতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৮ মার্চ জাতীয় যাদুঘরে উপস্থিত হতে প্রার্থীদের পরামর্শ দেয়া হয়েছে।